



একই স্মারক ও তারিখের হস্তাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dsheets.gov.bd



২৫/১১/১৪২৬বঙ্গাব্দ

তারিখ: ০৯/০৩/২০২০খ্রিস্টাব্দ

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৪১.২০১৮/২৭৬/৮

বিষয়: অধ্যক্ষের দায়িত্ব পালন।

সূত্র: চাটমোহর ডিগ্রি কলেজ, চাটমোহর, পাবনা এর শিক্ষক-কর্মচারীর ০২/০৩/২০২০খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপন্থিতে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার চাটমোহর উপজেলাধীন চাটমোহর ডিগ্রি কলেজের (জাতীয়করণকৃত) সকল প্রকার আর্থিক ও প্রশাসনিক কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য কলেজের সিনিয়র শিক্ষক কে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব প্রদান করার জন্য কলেজের শিক্ষক-কর্মচারী আবেদন করেছেন। বর্ণিত কলেজের অধ্যক্ষ জনাব মোঃ মিজানুর রহমান ফৌজদারী মামলায় (মামলা নং-সি.আর-৩০৬/২০১৯ চাটমোহর ধারা ৩৭৯/৮০৬/৮২০) অভিযুক্ত হয়ে পাবনা চীফ জুডিশিয়াল মেজিস্ট্রেটের আদালতে জামিন নামঞ্জুর হয়ে বিগত ২৬/০১/২০২০খ্রি. তারিখে জেলা হাজতে প্রেরিত হন। দীর্ঘ ১০ দিন পর ০৪/০২/২০২০খ্রি. তারিখ তিনি জামিন মঞ্জুর হয়ে মৃত্যু হন। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০২.২০.৬০/১(৮); তারিখ: ০৫/০২/২০২০খ্রি. মোতাবেক অধ্যক্ষ জনাব মোঃ মিজানুর রহমানকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্তের আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৮৮২/২০২০ দায়ের করলে মহামান্য আদালত বরখাস্তের উপর ০৩ (তিনি) মাসের হস্তিতাদেশ প্রদান করে। উক্ত আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগ CIVIL PETITION FOR LEAVE TO APPEAL NO-578 OF 2020 দায়ের হলে হাইকোর্ট বিভাগের আদেশ স্থগিত হয়ে যায়।

আইন শাখার মতামত: যেহেতু, অধ্যক্ষ সাময়িক বরখাস্ত আছেন এবং মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ মহামান্য সুপ্রিম কোর্ট কর্তৃক Stay হওয়ায় তার সাময়িক বরখাস্তের আদেশের কার্যকারিতা বহাল আছে এবং উপাধ্যক্ষ, ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনে অপারগতা প্রকাশ করে আবেদন করেন। এক্ষেত্রে বিজ্ঞ আইন উপদেষ্টা মতামত প্রদান করেন যে,

'It is my opinion that the senior most teacher would function taking the charge of the office of Principal and can perform all functions of Principal and act as Principal and act as Principal of Chatmohar Degree College (Now Nationalized), Pabna'.

এক্ষেত্রে বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতের আলোকে বিধি মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করার নির্দেশনা দেয়া যেতে পারে। তবে প্রচলিত আইন ও বিধি অনুসরণপূর্বক প্রশাসনিকভাবে সিদ্ধান্ত নেয়ার জন্য সংশ্লিষ্ট শাখা কে অনুরোধ করা গেলো।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬, ০৬/০৬/২০১১খ্রি. তারিখের পরিপত্রের ৩নং অনুচ্ছেদ ও শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪, ০৯/০৭/২০১২খ্রি. তারিখের ৩.১ নং অনুচ্ছেদ মোতাবেক পাবনা জেলার চাটমোহর উপজেলাধীন চাটমোহর ডিগ্রি কলেজের অধ্যক্ষের অনুপস্থিতিতে বর্তমান উপাধ্যক্ষ অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।

এমতাবস্থায়, আইন শাখার মতামত এবং শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পাবনা জেলার চাটমোহর উপজেলাধীন চাটমোহর ডিগ্রি কলেজের অধ্যক্ষের অনুপস্থিতিতে বর্তমান উপাধ্যক্ষ জনাব মোঃ আব্দুল মজিদ অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।

অতএব, বিষয়টি সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

Alam ১১.৩.২০২০

(মো. আব্দুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dsheets.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার

উপজেলা: চাটমোহর, জেলা: পাবনা

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে

- ১। জনাব মোঃ আব্দুল মজিদ (ভারপ্রাপ্ত অধ্যক্ষ) উপাধ্যক্ষ, চাটমোহর ডিগ্রি কলেজ (জাতীয়করণকৃত) চাটমোহর, পাবনা
- ২। জেলা শিক্ষা অফিসার, পাবনা
- ৩। ম্যানেজার, সোনালী ব্যাংক লি. চাটমোহর শাখা, পাবনা
- ৪। সংরক্ষণ নথি।